

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনসমূহের সর্বশেষ পরিস্থিতি

(১২ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ / ২৭ আগস্ট, ২০২৪ খ্রিঃ সন্ধ্যা ৬.০০ টার তথ্য অনুযায়ী)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	দুপুর ৩.০০ টায় পানি সমতল (মিটার)	সন্ধ্যা ৬.০০ টায় পানি সমতল (মিটার)	বিগত ৩ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
গোমতী	কুমিল্লা	কুমিল্লা	১১.৩০	১১.৩৭	১১.৩৫	-০২	+০৫

সন্ধ্যা ৬.০০ টার তথ্য অনুযায়ী নদ-নদীর সর্বশেষ পরিস্থিতি

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশন			
সময়	স্টেশন	বৃদ্ধি	০০
দুপুর ৩.০০ টায়	০১	হ্রাস	০১
সন্ধ্যা ৬.০০ টায়	০১	অপরিবর্তিত	০০
		তথ্য পাওয়া যায় নি	০০
বিপদসীমার উপরে নদীর সংখ্যা:		০১	
বিপদসীমার উপরে নদীসমূহের নাম:		গোমতী	

- দেশের উজানে পানি সমতল বিপদসীমা তথ্য:
মুহুরী (বিলোনিয়া-ত্রিপুরা) বিপদসীমার ২২৫ সে.মি. নিচে, বিগত ৩ ঘন্টায় ৫ সে.মি. হ্রাস
অমরপুর (গোমতী): বিপদসীমার ১৫৮ সে.মি. নিচে, বিগত ৩ ঘন্টায় ৬ সে.মি. হ্রাস
- বিগত ৯ ঘন্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.): নেই।
- বিগত ৯ ঘন্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):
আমতলী (বরগুনা) ৩১.০, সাতকানিয়া (চট্টগ্রাম) ২১, লামা (বান্দরবান) ২৬, নাজিরপুর (পিরোজপুর) ১৬, কুষ্টিয়া ১৩ এবং
আশাশুনি (সাতক্ষীরা) ১২।
- বিগত ০৩ ঘন্টায় গঙ্গা নদীর পানি সমতল উজানে ফারাক্কা পয়েন্টে অপরিবর্তিত আছে (২২.৭৬ মিটার) এবং দেশের অভ্যন্তরে
পাংখা পয়েন্টেও অপরিবর্তিত আছে (২০.৫৫ মিটার)। গঙ্গা নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত
অব্যাহত থাকতে পারে।
- বিগত ০৩ ঘন্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের
অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি এবং উজানের নদ-নদীর পানি সমতল হ্রাস অব্যাহত আছে।
ফলে বর্তমানে পূর্বাঞ্চলীয় জেলাসমূহের নিম্নাঞ্চলের বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত আছে।
- মৌলভীবাজার, হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য
অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের
মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৫ ঘন্টায় দেশের পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই।
এ সময় এ অঞ্চলের কুমিল্লা জেলার গোমতী ও ফেনী জেলার মুহুরী নদীর পানি সমতল হ্রাস পেতে পারে। এর ফলে আগামী ১৫
ঘন্টায় কুমিল্লা জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৫ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা
নেই। এ সময় এ অঞ্চলের বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার সাঙ্গু, মাতামুহুরি, কর্ণফুলি, হালদা ও অন্যান্য
প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণাঞ্চলে একটি
সুস্পষ্ট লঘুচাপ অবস্থান করছে। এর প্রভাবে আগামী ১৫ ঘন্টায় দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের
সম্ভাবনা আছে যার ফলে এই অঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- ব্রহ্মপুত্র-যমুনা এবং দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, উত্তরাঞ্চলের তিস্তা-ধরলা-দুধকুমার
নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

(সরদার উদয় রায়হান)

নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা